♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০১৮ (৩য় ধাপ)

Total questions : 80 Total marks : 80

---

1) x/y এর সঙ্গে কত যোগ করলে যোগফল 2y/x হবে?

✔ 1) $2y^2-x^2/xy$
2) x^2-2y^2/xy
3) x^2-2y^2/xy
4) x^2-y^2/xy

ব্যাখ্যা :

উভয় রাশির বিয়োগফলই হবে কাঙ্ক্ষিত উত্তর :
∴ $2y/x - x/y = 2y^2-x^2/xy$

2) Which of the following sentences is correct?

1)
That shirt which he bought is blue in colour

2)
The shirt that which he bought is blue in colour

3)
Which shirt he bought is blue in colour

✔ 4)
The shirt which he bought is blue in colour

ব্যাখ্যা : The correct sentence is:
D) The shirt which he bought is blue in colour.
This sentence uses the relative pronoun "which" to introduce a defining relative clause that provides essential information about the shirt. The definite article "the" is used before "shirt" because it refers to a specific shirt that he bought. Additionally, the phrase "is blue in colour" correctly describes the color of the shirt.

3) He said "I can do the work".

1) He said that I will do the work
✔ 2) He said that he could do the work

Hello BCS

3) He said that he can do the work
4) He said that I could do the work

ব্যাখ্যা : The correct option is B) "He said that he could do the work."
When reporting someone's statement, it is important to maintain the appropriate shift in verb tenses and pronouns. In the original statement, "He said, 'I can do the work,'" the speaker refers to themselves as "I." However, when reporting the statement, the pronoun needs to be changed to "he" to match the original speaker.

4) We couldn't buy anything because- of the shops was open.

1) all
2) no one
3) nothing
✔ 4) none

ব্যাখ্যা : None of the shops মানে কোনো দোকানই না বুঝায়।
The phrase "none of the shops" means that there is no particular shop or stores in a given context. It indicates that not a single shop or store, out of a group or set being referred to, possesses or meets the criteria being discussed or mentioned. It implies the absence or lack of any shops in that specific context.

5) Choose the opposite word in meaning to the word Liability

1) property
2) Treasure
3) Debt
✔ 4) Assets

ব্যাখ্যা : Liability = দায়, মোট দেনা ; Property – বিষয় সম্পত্তি, বিত্ত বৈভ ; Treasure – স্বর্ণ, রৌপ্য, অলংকার এর ভাণ্ডার ; Debt – ঋণ ; Assets = সম্পদ।

6) Which is correctly spelt ?

✔ 1) Diarrhoea
2) Dirohea
3) Dirrohea
4) Dirrhoea

ব্যাখ্যা : The correctly spelt word is Diarrhoea – অতিসার, উদরাময়, পেট খারাপ, উদারময়।
"Diarrhoea" is a medical term used to describe a condition characterized by

Hello BCS

loose, watery stools or bowel movements that occur more frequently than usual. It is typically associated with an increased urgency to defecate and can often be accompanied by abdominal pain, cramping, bloating, and sometimes nausea or vomiting. Diarrhoea can be caused by various factors, such as viral or bacterial infections, food poisoning, medication side effects, certain medical conditions, or dietary factors. It is important to stay hydrated when experiencing diarrhoea, as it can lead to fluid and electrolyte imbalances. If diarrhoea persists or is accompanied by severe symptoms, it is recommended to seek medical attention.

7) He is confident - success.

1) to
✔ 2) of
3) for
4) with

ব্যাখ্যা : confident of something অর্থ কোনো বিষয়ে আস্থাশীল, আত্মবিশ্বাসী, নিশ্চিত।

8) Choose the appropriate options to complete the sentence: Today - people who enjoy cricket is bigger than that of thirty years ago.

1) a great deal of
2) many
✔ 3) the number of
4) number of

ব্যাখ্যা : যেহেতু বাক্যের Finite verb (is) টি singular সেহেতু the number of + subject (plural) ব্যবহৃত হয়েছে।

9) The word American is-

1) noun
2) adjective
3) pronoun
✔ 4) a & b

ব্যাখ্যা : American (জাতি বোঝাতে) Noun এবং American (জাতীয়তা বোঝাতে) Adjective হয়।

10) Choose the correct sentence :

1) The man appears to be stronger than other living men.
2) The man appears to be stronger than many living men.

Hello BCS

3) The man appears to be stronger than all other living men.
✔ 4) The man appears to be stronger than any other living men.

ব্যাখ্যা : Comparative degree তে than এরপর Singular noun হলে any other এবং plural noun হলে all other বসে।

11) The 'Tale of Two Cities'is written by-

1) Jane austen
2) Thomas Hardy
✔ 3) Charles Dickens
4) George Eliot

ব্যাখ্যা :

'A Tale of Two Cities' গ্রন্থটি Victorian Novelist Charles Dickens রচিত একটি বিখ্যাত উপন্যাস। লন্ডন এবং প্যারিস শহরের বর্ণনা দিয়ে এই উপন্যাসটি লিখেছেন।

Charles Dickens এর উপন্যাস মনে রাখার কৌশল: Oliver অনেক বড় প্রত্যাশা নিয়ে Christmas এর দিনে David এর সাথে দেখা করার জন্য দুই শহরে গেল। David সেখানে Bleak House মধ্যে hard time pass করছে।

- Oliver = Oliver Twist
- বড় প্রত্যাশা = Great Expectation
- Christmas = A Christmas Carol
- David = David Copperfield
- দুই শহর = A Tale of Two Cities (London, Paris City)
- Bleak house = Bleak house
- Hard Time = Hard Times

Hello BCS

12) Rahim discourages me -borrowing.

✔ 1) from
2) in
3) to
4) on

ব্যাখ্যা : Discourage from – কোনো কিছু হতে নিরুৎসাহিত করা ।
The phrase "discourage from" means to actively try to prevent or dissuade someone from doing something or engaging in a particular action. It involves using various means or arguments to persuade someone against pursuing a specific course of action. The intention is to make the person lose interest, confidence, or motivation in order to steer them away from a particular behavior, decision, or goal.

13) The chairman and secretary - present at the last meeting.

1) is
2) have
✔ 3) was
4) were

ব্যাখ্যা : Secretary শব্দের পূর্বে the না থাকাতে বোঝা যাচ্ছে যে chairman এবং secretary একই ব্যক্তি। এখানে The chairman and secretary উভয়ই একজন ব্যক্তি হওয়ায় verb হবে singular.

14) Which word is correct?

1) Achievment
2) Acheivment
✔ 3) Achievement
4) Acheivement

ব্যাখ্যা : Achievement – কার্য সম্পাদান, অবদান, কীর্তি।

The term "achievement" refers to a noteworthy accomplishment or success that an individual or a group has attained. It implies reaching a goal, completing a task, or overcoming a challenge in a way that is recognized as significant or praiseworthy. Achievements can be in various areas of life, such as education, career, sports, personal development, or creative endeavors. They often require effort, skill, determination, and sometimes even surpassing obstacles or adversity. Achievements can be subjective, varying based on individual goals and societal standards, but they generally represent positive milestones or markers of success.

Hello BCS

15) Choose the correct sentence.

1) Airport is a busy place.
2) Airport is busy place.
✔ 3) The Airport is a busy place.
4) The Airport is busy place.

ব্যাখ্যা : একই জাতীয় সকল singular common noun-এর পূর্বে, ‘the’ definite Article টি ব্যবহৃত হয় এবং Singular Common Noun এর পূর্বে Indefinite Article a/an বসে।

16) Which one of the following is an adverb.

1) Someone
2) Somebody

✔ 3) Someday
4) Something

ব্যাখ্যা : someone, somebody এবং something হলো pronoun যা অন্য কোনো noun- এর পরিবর্তে ব্যবহৃত হয়। ‘Someday’ শব্দটি সময় নির্দেশক হওয়ায় এটি ‘Adverb of time’ হিসেবে বিবেচিত হয়।

17) What is the passive voice of 'who did this' ?

1) By whom this has been done ?
2) Whom did this ?
✔ 3) By whom was this done ?
4) Who has done this ?

ব্যাখ্যা : Who যুক্ত Active Voice কে Passive voice এ রূপান্তরের নিয়ম : By whom + auxiliary verb + Sub (Active voice এর object) + Verb –এর Past Participle + question mark.

18) What is the meaning of 'White Elephant'?

1) A big elephant
✔ 2) A very costly and troublesome possession
3) A precious rate possession
4) An elephant of white colour

ব্যাখ্যা : White Elephant –এর অর্থ হলো কাজে আসে না অথচ দামি ও অসুবিধাজনক সম্পত্তি।

19) ' A child likes sweets only' the negative from of the sentence is -

1) A child likes but sweets
✔ 2) A child likes nothings but sweets.
3) A child likes not more sweets
4) A child likes none but sweets

ব্যাখ্যা : Affirmative sentence এ ‘only’ থাকলে Negative এ রূপান্তরের ক্ষেত্রে ‘only’ এর স্থলে none but (ব্যক্তির ক্ষেত্রে) অথবা ‘nothing but’ (বস্তু, শিশু বা ইতর প্রাণীর ক্ষেত্রে) ব্যবহৃত হয়।

20) Which one of the following is a common gender ?

✔ 1) Teacher
2) book
3) boy
4) madam

Hello BCS

ব্যাখ্যা : Teacher শব্দটি Common Gender কারণ Teacher শব্দটি দ্বারা পুরুষ এবং স্ত্রী উভয়কে বোঝায়। Book শব্দটি Neuter Gender, Boy শব্দটি Masculine Gender এবং Madam শব্দটি Feminine Gender.

21) The antonym of the word 'delete' is

1) dull
✔ 2) insert
3) contract
4) discrete

ব্যাখ্যা : delete – কেটে বাদ দেওয়া, মুছে ফেলা ; dull – বোকা লোক ; insert – সন্নিবিষ্ট করা ; প্রবেশ করানো ; contract – চুক্তিবদ্ধ করা, সঙ্কুচিত করা, কমানো।

22) সারাংশে নিচের কোনটির প্রয়োজন নেই ?

1) সংক্ষেপণ
2) প্রাঞ্জলতা
3) সরলতা
✔ 4) অলঙ্কার

ব্যাখ্যা : বক্তা বা লেখকের বক্তব্যের সার বা অত্যন্ত প্রয়োজনীয় অংশই সারাংশ। সারাংশ লিখনে ভাষার বাহুল্য, উপমা, অলঙ্কার- এগুলো বর্জনীয়। সারাংশের মূল উদ্দেশ্য অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা।

23) মনীষা শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

1) মনি+ঈষা
✔ 2) মনস্ + ঈষা
3) মনঃ + ঈষা
4) মনী + ইষা

ব্যাখ্যা : মনস্ + ঈষা = মনীষা (নিপাতনে সিদ্ধ সন্ধি)। যখন কোনো কর্মকে ব্যাকরণের নিয়মানুসারে ব্যাখ্যা করা যায় না, অথচ তার বৈধতা দেওয়া হয়, তখন সেই ব্যতিক্রম বৈধতা দেওয়াকে নিপাতনে সিদ্ধ বলে। যেমন : আ + চর্য = আশ্চর্য, বন্ + পতি = বনস্পতি, পর্ + পর = পরস্পর ।

24) কাজী নজরুল ইসলামের বাল্য স্মৃতিবিজরিত ময়মনসিঙ্খের স্থানটির নাম কী ?

1) কামারপুর
2) গোপালপুর
✔ 3) দরিরামপুর
4) জগদীশপুর

Hello BCS

ব্যাখ্যা : ১৯১৪ সালে কাজী রফিকউদ্দিন নামে আসানসোল থানার একজন দারোগা নিজের বাড়ি ময়মনসিংহ জেলার সিমলা গ্রামে কাজী নজরুল ইসলামকে নিয়ে গিয়ে ত্রিশাল বাজারের নিকটবর্তী দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেণিতে ভর্তি করিয়ে দেন। যদিও তিনি ঐ বছরের ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষা শেষ হবার পরেই কাউকে কিছু না বলে সিমলা ত্যাগ করে রাণীগঞ্জে প্রত্যাবর্তন করেন।

25) লম্ফ প্রদান করিল' -এর চলিত রুপ কোনটি?

✔ 1) লাফ দিল
2) লম্ফ দিল
3) লম্ফ প্রদান করল
4) লাফ প্রদান করল

ব্যাখ্যা : সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদগুলো সাধারণত দীর্ঘ হয়ে থাকে। যেমন—খাইতেছি, তাহারা , করিল ইত্যাদি। চলিত ভাষায় ক্রিয়া এবং সর্বনাম পদগুলো সংক্ষিপ্ত। যেমন—দিল, খাচ্ছি, তারা ইত্যাদি।

26) অনিল বাগচীর একদিন' উপন্যসটির রচয়িতা কে ?

✔ 1) হুমায়ুন আহমেদ
2) সেলিনা হোসেন
3) হুমায়ুন আজাদ
4) সেয়দ শামসুল হক

ব্যাখ্যা : ‘অনিল বাগচীর একদিন’ উপন্যাসের রচয়িতা হুমায়ূন আহমেদ। এটি একটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। এই উপন্যাস থেকে চলচ্চিত্রও নির্মিত হয়েছে।

27) সংযোগজ্ঞাপক সর্বনাম কোনটি?

✔ 1) যে
2) তাবৎ
3) কিছু
4) কোনোটিই নয়

ব্যাখ্যা : কিছু সংযোগজ্ঞাপক সর্বনাম : যে, যিনি, যাঁরা, যারা, যাহারা, ইত্যাদি।

28) দিবারাত্রির কাব্য' কার লেখা ?

✔ 1) মানিক বন্দোপাধ্যায়
2) বন্দে আলী মিয়া
3) গোলাম মোস্তফা
4) সুফিয়া কামাল

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উল্লেখযোগ্য উপন্যাস : দিবারাত্রির কাব্য, পুতুলনাচের ইতিকথা, পদ্মানদীর মাঝি, শহরবাসের ইতিকথা, স্বাধীনতার স্বাদ, ইতিকথার পরের কথা।

Hello BCS

29) বৃক্ষ শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?

✔ 1) বনানী
2) পাদপ
3) বিটপী
4) শিখরী

ব্যাখ্যা : 'বৃক্ষ' শব্দের সমার্থক বা প্রতিশব্দ হচ্ছে – পাদপ, বিটপী, শিখরী, গাছ, উদ্ভিদ প্রভৃতি।

30) নিচের কোনটি চলিত রীতির শব্দ?

✔ 1) শুকনো
2) পড়িল
3) সহিত
4) তুলা

ব্যাখ্যা : কিছু চলিত শব্দ : শুকনো, বুনো তুলো, জুতো, তোলা, পড়ল, পেরিয়ে, করে প্রভৃতি।

31) ধীমান ' শব্দটির অর্থ কি?

1) পজ্ঞাবান
✔ 2) বুদ্ধিমান
3) নিরীহ
4) শান্ত

ব্যাখ্যা : 'ধীমান' এর প্রতিশব্দ বা অর্থ বুদ্ধিমান। এটি একটি বিশেষণ বাচক শব্দ।

32) সম্বোধনের পর কোন চিহ্ন বসে ?

1) সেমিকোলন
2) দাঁড়ি
✔ 3) কমা
4) কোনোটিই নয়

ব্যাখ্যা : কমা (,), চিহ্নের কতিপয় ব্যবহার : (i) সম্বোধনের পর (ii) উদ্ধরণ চিহ্নের পূর্বে (iii) মাসের তারিখ লিখতে বার ও মাসের পর (iv) বাড়ি বা রাস্তার নম্বরের পরে।

33) কোনটি সঠিক বানান?

✔ 1) নিশীথিনী
2) নিশিথিনি
3) নিশিথিনী
4) নীশিথিনি

Hello BCS

ব্যাখ্যা : সঠিক বানান : নিশীথিনী - [বিশেষ্য পদ] রাত্রি, রজনী।

34) কর্মে যাহার ক্লান্তি নাই' এই বাক্যাংশের সংক্ষিপ্ত রুপ কি?

1) অবিশ্রাম
2) অক্লান্ত
3) ক্লান্তিহীন
✔ 4) অক্লান্তকর্মী

ব্যাখ্যা :

কিছু এক কথায় প্রকাশ:-
কর্মে যাহার ক্লান্তি নাই – অক্লান্তকর্মী।
যার ক্লান্তি নেই – অক্লান্ত।
যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে = অবিমৃষ্যকারী।
কর্মে অতিশয় দক্ষ = কর্মকুশল।

35) 'হাড় হাভাতে' - বাগধারাটির অর্থ কোনটি ?

✔ 1) হতভাগ্য
2) ক্ষুধার্ত
3) রোগা
4) দরিদ্র

ব্যাখ্যা : কিছু বাগধারা : - হাড় হাভাতে → হতভাগ্য। ইঁদুর কপালে/আট কপালে → হতভাগ্য।

36) ইতর বিশেষ' বাগধারাটির অর্থ কী ?

1) অতিশয় অভদ্র
2) অপদার্থ
✔ 3) পার্থক্য
4) অভদ্র

ব্যাখ্যা :

কিছু বাগধারা:
ইতর বিশেষ → পার্থক্য
আমড়া কাঠের ঢেঁকি→অপদার্থ
এসপার ওসপার → মীমাংসা

37) 'কপোত' শব্দটির সঠিক অর্থ কোনটি ?

1) ময়ূর
✔ 2) কবুতর

Hello BCS

3) কোকিল
4) বক

ব্যাখ্যা : কপোত এর সামর্থক শব্দ : কবুতর, পায়রা, পারাবাত, নোটন প্রভৃতি।

38) সংশয় এর বিপরীত শব্দ কোনটি ?

✔ 1) প্রত্যয়
2) দ্বিধা
3) ভয়
4) বিস্ময়

ব্যাখ্যা : সংশয়' শব্দটির অর্থ → সন্দেহ, দ্বিধা, অবিশ্বাস। এর বিপরীত হবে – প্রত্যয়।

39) মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব -

1) বীর উত্তম
2) বীর প্রতীক
✔ 3) বীরশ্রেষ্ঠ
4) বীর বিক্রম

ব্যাখ্যা : বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন ও বীর প্রতীক ৪২৬ জন । বীরশ্রেষ্ঠদের মধ্যে সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল প্রথম শহিদ হন । ৩ জন সেনাবাহিনী, ২ জন ই পি আর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমানবাহিনীর সদস্য ছিলেন। উল্লেখ্য মুক্তিযুদ্ধে বীর উত্তম উপাধিপ্রাপ্ত মোট বীর উত্তম ৬৯ জন। ৬৯ তম কর্নেল জামিল উদ্দিন।

40) কোনটি ব্রিটিশ আমলের স্থপত্য?

1) লালবাগ কেল্লা
2) জাতীয় সংসদ ভবন
3) আঙ্গিনা মসজিদ
✔ 4) কার্জন হল

ব্যাখ্যা : লালবাগ কেল্লা মোগল আমলে নির্মিত হয়। জাতীয় সংসদ ভবন নির্মাণ কাজ শুরু হয় ১৯৬১ সালে এবং সম্পূর্ণ হয় ১৯৮২ সালে। স্থপতি লুই কান। কার্জন হল ভারতের ভাইসরয় লর্ড কার্জনের নামানুসারে রাখা হয়। ১৯০৪ সালে লর্ড কার্জন ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

41) মুক্তিযুদ্ধকালীন কোন তারিখে বুদ্ধিজীবীদের ওপর হত্যাকাণ্ড সংঘটিত হয়?

✔ 1) ১৪ ডিসেম্বর ১৯৭১
2) ১৭ এপ্রিল ১৯৭১
3) ১৬ ডিসেম্বর ১৯৭১
4) ২৫ মার্চ ১৯৭১

Hello BCS

ব্যাখ্যা : ১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানি হানাদারবাহিনী পরিকল্পিতভাবে পূর্ব পাকিস্তানে বুদ্ধিজীবীদের ওপর হত্যাকাণ্ড চালায়। ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস। ১৬ ডিসেম্বর বিজয় দিবস। ১৯৭১ সালের ১৭ এপ্রিল বাংলাদেশের অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকারের মন্ত্রিপরিষদের সদস্যরা শপথ গ্রহণ করে। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী পূর্ব পাকিস্তানের নিরীহ মানুষের ওপর হত্যাকাণ্ড চালায়। যা অপারেশন সার্চলাইট নামে পরিচিত।

42) বাংলাপিডিয়া প্রকাশের উদ্যোক্তা কে ?

✔ 1) বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
2) দি ইউনিভার্সিটি প্রেস লি।
3) বাংলা একাডেমি
4) মুক্তিযুদ্ধ জাদুঘর

ব্যাখ্যা : ১৯৫২ সালে প্রতিষ্ঠিত ‘এশিয়াটিক সোসাইটি অফ পাকিস্তান’ পরবর্তীতে ১৯৭২ সালে ‘এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশ’ নামধারণ করে। বর্তমান ভবন ঢাকার নিমতলীতে।

43) নিম্নের কোনটি বাংলাদেশ সরকারের কর বহির্ভূত রাজস্ব?

1) সম্পুরক শুল্ক
✔ 2) টোল ও লেভি
3) বাণিজ্য শুল্ক
4) মূল্য সংযোজন কর

ব্যাখ্যা : টোল হল এক ধরণের রাজস্ব আয় যা বিশেষ সেবার জন্য দিতে হয়।যেমন : ব্রিজ, সেতু, কালভার্ট, ঘাট, হাট-বাজার প্রভৃতি থেকে সরকার আদায় করে। আর লেভি হলো- বিশেষ বিশেষ সময়ে আরোপিত জনগণের নিকট থেকে আদায়কৃত বিশেষ ধরনের রাজস্ব।যেমন : পদ্মা সেতু সংশ্লিষ্ট রাজস্ব।

44) 'কুসুম্বা মসজিদ'টি কোথায় অবস্থিত ?

1) কুমিল্লা
✔ 2) নওগাঁ
3) নাটোর
4) ঢাকা

Hello BCS

ব্যাখ্যা :

নাম	অবস্থান	নাম	অবস্থান
কুসুম্বা শাহী মসজিদ	মান্দা, নওগাঁ	কসবা মসজিদ	গৌরনদী, বরিশাল
তারা মসজিদ	আরমানি টোলা, ঢাকা	নয় গম্বুজ মসজিদ	বাগেরহাট
সাত গম্বুজ মসজিদ	মোহাম্মদপুর, ঢাকা	ষাট গম্বুজ মসজিদ	বাগেরহাট
বজরা শাহী মসজিদ	বেগমগঞ্জ, নোয়াখালী	আতিয়া মসজিদ	দেলদুয়ার, টাঙ্গাইল

45) উত্তরা গনভবন কোন জেলায় অবস্থিত ?

✔ 1) নাটোর
2) বগুড়া
3) রংপুর
4) রাজশাহী

ব্যাখ্যা : উত্তরা গণভবন বা দিঘাপাতিয়া রাজবাড়ি নাটোর জেলায় অবস্থিত। ১৯৭২ সালের ৯ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামকরণ করেন উত্তরা গণভবন।

46) স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?

✔ 1) ১১ টি
2) ৮ টি
3) ৭ টি
4) ১০ টি

ব্যাখ্যা : ১৯৭১ সালে সংগঠিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ পরিচালনায় অস্থায়ী বাংলাদেশ সরকার সমগ্র ভূখণ্ডকে ১১ টি সেক্টরে আর ৬৪টি সাব-সেক্টরে ভাগ করেন। ১০ নম্বর সেক্টরটিতে কোনো নিয়মিত কমান্ডার ছিলেন না। স্বাধীনতা যুদ্ধ মোট ১৭ জন কমান্ডার পরিচালনা করে।

47) পিসিকালচার বলতে কী বোঝায়?

✔ 1) মৎস্য চাষ
2) মৌমাছি চাষ
3) হাঁস মুরগি পালন
4) রেশম চাষ

Hello BCS

ব্যাখ্যা :

মৎস্য চাষ	পিসি কালচার	মৌমাছি চাষ	এপি কালচার
রেশম চাষ	সেরি কালচার	পাখিপালন	এভি কালচার
মুক্তা চাষ	পার্ল কালচার	হাঁস মুরগি পালন	পোল্ট্রি কালচার

48) CPU এর পূর্ণরূপ কী ?

1) Computer processing unit
2) Central power unit
3) Computer power unit
✔ 4) Central processing unit

ব্যাখ্যা : CPU - এর পূর্ণরূপ Central processing unit।

কেন্দ্রীয় প্রক্রিয়াজাতকরণ ইউনিট (সিপিইউ) হল একটি কম্পিউটারের মধ্যাবস্থিত একটি যন্ত্রাংশ যা প্রোগ্রামের দেয়া নির্দেশনা পালন করে।
বিশেষভাবে দেয়া এসব নির্দেশনা পালন করতে গিয়ে এটি বিভিন্ন গাণিতিক, যৌক্তিক কার্যাবলি, নিয়ন্ত্রণ ও ইনপুট আউটপুট কার্যাদি সম্পন্ন করে। ১৯৬০ দশকের শুরুর দিকে এই নামে যন্ত্রটিকে ডাকা শুরু হয়।

49) নিম্নের কোন দেশটি আফ্রিকা মহাদেশের নয় ?

1) নাইজেরিয়া
2) তিউনিসিয়া
3) আলজেরিয়া
✔ 4) আলবেনিয়া

ব্যাখ্যা : আলবেনিয়া দক্ষিণ ইউরোপের একটি দেশ, যার রাজধানী তিরানা ও মুদ্রার নাম লেক। নাইজেরিয়া, তিউনিসিয়া ও আলজেরিয়া দেশগুলো আফ্রিকা মহাদেশে অবস্থিত। আয়তনে আফ্রিকা মহাদেশের বৃহত্তম দেশ আলজেরিয়া আর জনসংখ্যায় নাইজেরিয়া।

Hello BCS

50) নিচের কোন দেশেটি আন্তর্জাতিক অর্থনৈতিক জোট জি-৮ এর সদস্য নয়?

✔ 1) সুইডেন
2) রাশিয়া
3) জাপান
4) যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : জি-৮ তথা গ্রুপ অব এইট বিশ্বের আটটি শিল্পোন্নত দেশের একটি অর্থনৈতিক বলয়। দেশগুলো হল- কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, রাশিয়া, যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র। কিন্তু সর্বশেষ ২০১৪ সালে ক্রিমিয়া সংকটে রাশিয়ার সংশ্লিষ্টতার কারণে ২০১৪ এর ২৪ মে রাশিয়াকে জি-৮ থেকে বাদ দেয়া হয়। এখন তাই এই জোটটি জি-৭ নামে পরিচিত।

51) কোন সংস্থা বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে ?

✔ 1) ইউনেস্কো
2) ডব্লিউএইচও
3) ইউএনডিপি
4) ইউনিসেফ

ব্যাখ্যা : UNESCO – United Nations Educational Scientific and Cultural Organization. সদর দপ্তর প্যারিস, ফ্রান্স। WHO এর সদর দপ্তর – জেনেভা, সুইজারল্যান্ড। UNDP ও UNICEF এর সদর দপ্তর নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

52) মানবদেহের কোষে কত জোড়া ক্রোমোসোম থাকে?

1) ২৪
2) ৩৯
✔ 3) ২৩
4) ২৫

ব্যাখ্যা : ক্রোমোজোম হচ্ছে সুসজ্জিত ডিএনএর আকৃতি যা বংশগতির তথ্য বহন করে এবং কোষ বিভাজনের সময় দৃশ্যমান(সরল অণুবীক্ষণ যন্ত্রে)। ক্রোমোজোম একটি লম্বা ডিএনএ(কোষের সম্পূর্ণ ডিএনএ নয়) ও প্রোটিনের সমন্বয়ে গঠিত সজ্জিত আকৃতি। মানবদেহে ২৩ জোড়া ক্রোমোজোম রয়েছে, যার মধ্যে ২২ জোড়া অটোসোম ও এক জোড়া সেক্স ক্রোমোজোম।

Hello BCS

53) ইউরিয়া সারে শতকরা কতভাগ নাইট্রোজেন থাকে?

1) ৫৫%
2) ৪০%
3) ৫০%
✔ 4) ৪৬%

ব্যাখ্যা : ইউরিয়া সারের সংকেত $CO(NH_2)_2$ যা মাটিতে ৪৪% – ৪৬% নাইট্রোজেন সরবরাহ করে। এছাড়া সুপার ফসফেটে (২০% P_2O_5) এবং টি এস পি প্রায় (৪৬% P_2O_5) সরবরাহ করে।

54) লেবুতে কি থাকে?

✔ 1) ভিটামিন 'সি'
2) ভিটামিন 'ই'
3) ভিটামিন 'এ'
4) ভিটামিন 'কে'

ব্যাখ্যা : লেবু(সাইট্রাস লেমন) মূলত ছোট্ট চিরসবুজ উদ্ভিদ এবং সপুষ্পক উদ্ভিদের রুটাসি পরিবারের গাছের একটি প্রজাতি।লেবুর রসে প্রায় ৫% - ৬% সাইট্রিক এসিড থাকে। লেবুর রসের পিএইস প্রায় ২.২ এজন্য এটি টক স্বাদ।

55) মোডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে___

✔ 1) টেলিফোন লাইনের সংযোগ সাধন করা
2) ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
3) টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
4) বৈদ্যুতিক লাইনের সংযোগ সাধন হয়

ব্যাখ্যা : মডেমের মাধ্যমে ডিজিটাল সিগন্যাল কে অ্যানালগ এবং অ্যানালগ সিগন্যাল কে ডিজিটাল সিগন্যাল এ পরিণত করা হয়।

মডেম (মড্যুলেটর-ডিম্যুলেটর) হল একটি যন্ত্র যা একটি প্রেরিত এনালগ সংকেতকে ডিজিটাল তথ্যে রূপান্তর করে এবং ডিজিটাল তথ্যকে পাঠানোর সময় এনকোড করে এনালগ সংকেত হিসেবে প্রেরণ করে। এর উদ্দেশ্য হল সহজে সংকেত পাঠানো এবং তা আবার একই রকমভাবে অন্য প্রান্তে পাওয়া। ট্রান্সমিশন বা প্রেরণের অর্থে যেকোন কাজে মডেম ব্যবহার করা যায় রেডিও থেকে ডায়োড পর্যন্ত।

সবচেয়ে পরিচিত উদাহরণ হল ভয়েসব্যান্ড মডেম যেটা পারসোনাল কম্পিউটারের ডিজিটাল ডেটাকে ইলেট্রিকাল সিগনালে পরিনত করে টেলিফোনের ভয়েস ফ্রিকোয়েন্সি রেঞ্জ চ্যানেলে পাঠায়, অন্য প্রান্তে আরেকটি মডেম দ্বারা ডিজিটালে পরিণত হয়। মডেমগুলো সাধারণত ভাগ করা হয় কত পরিমাণ ডেটা তারা পাঠাতে পারে একক সময়ে তার উপর। সাধারণত মাপা হয় সেকেন্ড প্রতি বিট(bps) হিসেবে। এগুলো এক একক সেকেন্ডে কত পরিমাণ সংকেত পাঠাতে পারে তার ভিত্তিতে ভাগ করা যায়।

Hello BCS

56) $7p^2$-p-8 এর একটি উৎপাদক হবে

1) 7p
2) 8-7p
✔ 3) 7p-8
4) p-4

ব্যাখ্যা :
এখানে,
$$7p^2 - p - 8$$
$$= 7p^2 - 8p + 7p - 8$$
$$= p(7p - 8) + 1(7p - 8)$$
$$= (7p - 8)(p + 1)$$

57) দুটি সংখ্যার লসাগু এবং এর গুণফল সংখ্যা দুটির ___

1) গড়ের সমান

✔ 2) গুণফলের সমান

3) ভাগফলের সমান

4) কোনোটিই নয়

ব্যাখ্যা : আমরা জানি, দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু।

58) একটি কলম ও বইয়ের মূল্য একত্রে ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি এবং বইটির মূল্য ১৪ টাকা কম হলে, বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত টাকা ?

1) ৪০

2) ৪৯

✔ 3) ৪৬

4) কোনোটিই নয়

ব্যাখ্যা :

মনে করি,

কলমের মূল্য x টাকা

∴ বইয়ের মূল্য ৯৫ − x টাকা

প্রশ্নমতে,

⇒ x + ১৫ = ২(৯৫ − ১৪ − x)

⇒ x + ১৫ = ২(৮১ − x)

⇒ x + ১৫ = ১৬২ − ২x

⇒ x + ২x = ১৬২ − ১৫

⇒ ৩x = ১৪৭

⇒ x = ৪৯

∴ বইয়ের মূল্য = ৯৫ − ৪৯ = ৪৬ টাকা।

Hello BCS

59) একটি বাঁশের ১/৪ অংশ কাঁদায় , ৩/৫ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?

✔ 1) ২০

2) ১৫

3) ১৬

4) ১২

ব্যাখ্যা : ধরি, বাঁশটির দৈর্ঘ্য x মিটার

$\therefore x - \frac{x}{৪} - \frac{৩x}{৫} = ৩ \Rightarrow \frac{২০x - ৫x - ১২x}{২০} = ৩$

$\Rightarrow ২০x - ৫x - ১২x = ৬০$

$\Rightarrow ৩x = ৬০ \Rightarrow x = ২০$

∴ বাঁশটির দৈর্ঘ্য ২০ মিটার।

60) কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪-ওর বর্গ হবে ?

✔ 1) ৩৬
2) ৯
3) ১৬
4) ২৫

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

$\sqrt{x} + ১০ = (৪)^২$

$\Rightarrow \sqrt{x} = ১৬ - ১০ \Rightarrow \sqrt{x} = ৬ \therefore x = ৩৬$

61) ৭৫০০ টাকা ১ ঃঃ ২ ঃঃ ৩ ঃঃ ৪ ঃঃ ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য হবে -

1) ২৬০০
2) ৩০০০
✔ 3) ২০০০
4) ২৫০০

ব্যাখ্যা : অনুপাতের রাশিগুলোর যোগফল

$= (১ + ২ + ৩ + ৪ + ৫) = ১৫$

ক্ষুদ্রতম অংশ $= ৭৫০০ \times \frac{১}{১৫} = ৫০০$ টাকা

বৃহত্তম অংশ $= ৭৫০০ \times \frac{৫}{১৫} = ২৫০০$ টাকা

∴ পার্থক্য $= (২৫০০ - ৫০০)$ টাকা $= ২০০০$ টাকা।

62) চাউলের মূল্য ২০% বৃদ্ধি পাওয়াতে ৭৫০ টাকায় পূর্বাপেক্ষা ৫ কেজি চাল কম পাওয়া গেল.১ কেজি চালের পূর্বমূল্য কত ছিল ?

✔ 1) ২৫
2) ৩৫
3) ৪৫
4) ৫০

Hello BCS

ব্যাখ্যা :

বর্তমান মূল্য ১২০ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা

" " ১ " " " $\frac{১০০}{১২০}$ টাকা

" " ৭৫০ " " " $\frac{১০০ \times ৭৫০}{১২০}$ টাকা

= ৬২৫ টাকা

মূল্য বৃদ্ধি (৭৫০ – ৬২৫) = ১২৫ টাকা

∴ ৫ কেজি চালের পূর্বমূল্য = ১২৫ টাকা

∴ ১ " " " = $\frac{১২৫}{৫}$ টাকা

= ২৫ টাকা।

63) কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে_

✔ 1) 360°

2) 240°

3) 280°

4) 290°

ব্যাখ্যা : যে কোনো ত্রিভুজের ক্ষেত্রে তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে ৩৬০°।

64) যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে, ঐ পরিমাণ খদ্যে কত জন লোকের ৮ সপ্তাহ চলবে ?

✔ 1) ৫০০

2) ৪০০

3) ৬০০

4) ৩০০

ব্যাখ্যা :

২০ সপ্তাহ চলে যখন লোক ২০০ জন

∴ ১ " " " " ২০০ × ২০ জন

∴ ৮ " " " " $\frac{২০০ \times ২০}{৮}$ জন

= ৫০০ জন।

65) টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়.১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে ?

1) ৩টি

Hello BCS

2) ২টি

✔ 3) ৪টি

4) কোনোটিই নয়

ব্যাখ্যা :

১২% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ – ১২) = ৮৮ টাকা

বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ বিক্রয়মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য $\frac{১০০}{৮৮}$ টাকা

আবার,

১০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ১০ = ১১০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা

∴ ক্রয়মূল্য ১ টাকা হলে বিক্রয়মূল্য $\frac{১১০}{১০০}$ টাকা

আবার,

∴ ক্রয়মূল্য $\frac{১০০}{৮৮}$ টাকা হলে বিক্রয়মূল্য $\frac{১১০ \times ১০০}{১০০ \times ৮৮}$ টাকা = $\frac{৫}{৪}$ টাকা

$\frac{৫}{৪}$ টাকায় বিক্রি করতে হবে ৫টি

∴ ১ টাকায় বিক্রি করতে হয় $\frac{৫ \times ৪}{৫}$ = ৪টি

66) সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭,১৪,২১,৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না ?

1) ২৩০

2) ২৬০

✔ 3) ২১০

4) ২২০

ব্যাখ্যা :

৭ | ৭, ১৪, ২১, ৩৫, ৪২

২ | ১, ২, ৩, ৫, ৬

৩ | ১, ১, ৩, ৫, ৩

১, ১, ১, ৫, ১

∴ নির্ণেয় গাছের সংখ্যা = ৭ × ২ × ৩ × ৫ = ২১০

67) একটি বাড়ি ৪০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়িটির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা আছে। উপরে মইটি বাড়িটির ছাদ ছুয়ে আছে। উপরে মইটি বাড়িটির ছাদ ছুয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

1) ৪২

✔ 2) ৪১

3) ৪৭

4) ৪৫

ব্যাখ্যা : মইটির দৈর্ঘ্য $= \sqrt{(৪০)^২ + (৯)^২}$ [∴ অতিভুজ^২ = ভূমি^{২} + উচ্চতা^{২}]

$= \sqrt{১৬০০ + ৮১}$

$= \sqrt{১৬৮১} = ৪১$

68) ১০০ জন শিক্ষার্থীর পরিসংখ্যানে গড় নম্বর ৭০,এদের মধ্যে ৬০ জন চাত্রীর গড় নম্বর ৭৫ হলে,চাত্রদের গড় নম্বর কত ?

1) ৬৫.৫

✔ 2) ৬২.৫

3) ৫৫.৫

4) ৬০.৫

ব্যাখ্যা :

১০০ জন শিক্ষার্থীর মোট নম্বর = (৭০ × ১০০) = ৭০০০

৬০ জন ছাত্রীর মোট নম্বর = (৭৫ × ৬০) = ৪৫০০

৪০ জন ছাত্রের মোট নম্বর = (৭০০০ − ৪৫০০) = ২৫০০

∴ ছাত্রদের গড় নম্বর $= \frac{২৫০০}{৪০} = ৬২.৫$

69) $a^2+(1/a^2) = 2$, $a - 1/a = ?$

1) 3

✔ 2) 0

3) 1

4) 2

ব্যাখ্যা :

দেওয়া আছে,

$$a^2 + \frac{1}{a^2} = 2$$

$$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a} = 2$$

$$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 0$$

$$\therefore a - \frac{1}{a} = 0$$

70) ০.০০১/(০.১×০.১) = ?

1) ০.০১

✔ 2) ০.১

3) ১.১

4) ০.০০১

ব্যাখ্যা : $\frac{০.০০১}{০.১ \times ০.১} = \frac{\frac{১}{১০০০}}{\frac{১}{১০} \times \frac{১}{১০}} = \frac{১}{১০০০} \times \frac{১০০}{১} = \frac{১}{১০} = ০.১$

71) x+y=12 এবং x-y=8 হলে,xy এর মান কত ?

1) 40

2) 60

3) 80

✔ 4) 20

ব্যাখ্যা :

দেওয়া আছে,

$$x + y = 12$$
$$x - y = 8$$

আমরা জানি,

$$(x+y)^2 = (x-y)^2 + 4xy$$
$$\Rightarrow 4xy = (x+y)^2 - (x-y)^2$$
$$\Rightarrow xy = \frac{(12)^2 - (8)^2}{4}$$
$$\therefore xy = 20$$

বিকল্প পদ্ধতি,

আমরা জানি,

$$xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2 = \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{8}{2}\right)^2$$
$$= (6)^2 - (4)^2 = 36 - 16 = 20$$

72) ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে, সুদের হার কত ?

1) ৬%

✔ 2) ১০%

3) ১২%

4) ৫%

Hello BCS

আমরা জানি, I = Pnr

প্রশ্নমতে,

ব্যাখ্যা : $৫০০ \times ৪ \times \frac{r}{১০০} + ৬০০ \times ৫ \times \frac{r}{১০০} = ৫০০$

$\Rightarrow ২০r + ৩০r = ৫০০ \Rightarrow ৫০r = ৫০০$

$\Rightarrow r = \frac{৫০০}{৫০} \therefore r = ১০\%$

73) ৪/৩ এর ১/৫ ÷ ১/৯ = কত?

1) ৬
2) ৫
✔ 3) ৩
4) ৪

ব্যাখ্যা : $১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} = \frac{৫}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} = \frac{১}{৩} \div \frac{১}{৯} = \frac{১}{৩} \times \frac{৯}{১} = ৩$

74) একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা ৬০% পরীক্ষাথী পাশ করেছে। যারা পাশ করেনি তাদের ১৫ জন জন বিদেশে চলে গেল এবং ৪৫ জন ব্যবসা শুরু করল ।কতজন পরীক্ষাথী পরীক্ষায় অংশগ্রহণ করেছে ?

1) ২৫০
2) ১০০
✔ 3) ১৫০
4) ২০০

মোট ফেল করেছে (১৫ + ৪৫) = ৬০ জন

৬০% পাশ করলে ফেল করে = (১০০ – ৬০) = ৪০%

৪০% পরীক্ষার্থী = ৬০ জন

ব্যাখ্যা : ১% পরীক্ষার্থী = $\frac{৬০}{৪০}$ জন

∴ ১০০% পরীক্ষার্থী = $\frac{৬০ \times ১০০}{৪০}$ জন

= ১৫০ জন

75) কোন বানাটি সঠিক ?

1) সান্মসিক
✔ 2) ষান্মাসিক
3) ষান্মষিক

Hello BCS

4) ষান্মসিক

ব্যাখ্যা : ষাণ্মাসিক বানানটি সঠিক যার দ্বারা ৬ মাস বুঝায়। বাকি বানানগুলো ভুল।

76) তিস্তা নদীর উৎপত্তিস্থল

1) লুসাই পাহাড়
2) হিমালয়ের গাঙ্গোত্রী হিমবাহ
3) তিব্বতের মানস সরোবর
✔ 4) সিকিমের পার্বত্য অঞ্চল

ব্যাখ্যা :

নদ-নদী	উৎপত্তিস্থল
তিস্তা	সিকিমের পার্বত্য অঞ্চল।
মেঘনা	আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড় থেকে।
পদ্মা	হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ।
ব্রহ্মপুত্র, যমুনা	তিব্বতের – হিমালয়ের কৈলাসশৃঙ্গের মানস সরোবর।
কর্ণফুলি	ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়।

77) . ভারত ও শ্রীলঙ্কাকে পৃথক করেছে কোন প্রণালি ?

✔ 1) পক প্রণালি
2) জিব্রাল্টার প্রণালি
3) মালাক্কা প্রণালি
4) হরমুজ প্রণালি

ব্যাখ্যা :

প্রণালি	পৃথক করেছে	সংযুক্ত করেছে
পক	ভারত – শ্রীলঙ্কা	ভারত মহাসাগর – আরব সাগর
জিব্রাল্টার	আফ্রিকা – ইউরোপ	উত্তর আটলান্টিক – ভূমধ্যসাগর
মালাক্কা	সুমাত্রা – মালয়েশিয়া	বঙ্গোপসাগর – জাভা সাগর
হরমুজ	আরব – ইরান	পারস্য উপসাগর – ওমান উপসাগর
ডোভার	ফ্রান্স – ব্রিটেন	ইংলিশ চ্যানেল – উত্তর সাগর

Hello BCS

78) দহগ্রাম ছিটমহল বাংলাদেশের নিম্নের কোন জেলায় অবস্থিত?

1) কুড়িগ্রাম
✔ 2) লালমনিরহাট
3) দিনাজপুর
4) নীলফামারী

ব্যাখ্যা : উল্লেখ্য ৩ বিঘা করিডোর হস্তান্তর হয়নি। বাংলাদেশ ও ভারতের মধ্যে অমীমাংসিত ১৬২টি ছিটমহল ছিল যা ১ আগস্ট, ২০১৫ ছিট মহল বিনিময়ের মাধ্যমে বিলুপ্ত হয়।

79) বজ্রপাতের সময় থাকা উচিত ?

✔ 1) গুহার ভিতর বা মাটিতে সুয়ে
2) খোলা মাঠে দিড়িয়ে
3) উঁচু দেয়ালের কাছে
4) উঁচু গাছের নিচে

ব্যাখ্যা : বজ্রপাতের মেঘের ভিতর সঞ্চিত বিদ্যুৎ ভূ-পৃষ্ঠ থেকে উঁচুতে অবস্থিত বস্তুর উপর পতিত হয়। এতে সঞ্চিত বিদ্যুতের পরিমাণ কমপক্ষে ১০০০০ অ্যাম্পিয়ার তাই বজ্রপাতের সময় গুহার ভিতর বা মাটিতে শুয়ে থাকা উচিত।

80) কোনটি উভয়লিঙ্গ বাচক শব্দ?

✔ 1) মানুষ
2) টেবিল
3) সৈন্য
4) প্রিয়

ব্যাখ্যা : ভাষার এমন কতকগুলো নাম বাচক শব্দ আছে, যেসব শব্দে পুরুষ ও স্ত্রী উভয়ই বোঝায় ; এদের উভয়লিঙ্গ বলে। যেমন : মানুষ, সন্তান, লোক, যাত্রী ইত্যাদি।

Hello BCS